দৈনিক
ইনকিলাব

তারিখ 07 FEB 2005

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার ঢাকা-১২১১

বিজ্ঞপ্তি নম্বর পাঠ্য / ৫২৯ / তারিখ ঃ ০৫ / ০২ / ২০০৫

বিশেষ সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল ছাত্র/ছাত্রী, অভিভাবক, পাঠ্যপুস্তক পরিবেশক, বিক্রেতা ও সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক ২০০৫ শিক্ষাবর্ষের জন্য দাখিল স্তরের ৬ষ্ঠ হতে ৯ম-১০ম শ্রেণীর ৪টি পাঠ্যপুস্তক সংশোধিত ও পরিমার্জিত আকারে বাজারজাত শুরু করেছে। একই সাথে ২০০৪ সাল পর্যন্ত মুদ্রিত সকল পাঠ্যপুস্তক গুদামজাত ও ক্রয়-বিক্রয় নিষিদ্ধ ঘোষণা করেছে। ইদানিং বাতিল ঘোষিত পাঠ্যপুস্তকসমূহ বাজারে ক্রয়-বিক্রয় হচ্ছে। এটি আইনত দণ্ডনীয় অপরাধ। বাতিল ঘোষিত পুরাতন বই যে গুদাম, দোকান, ছাপাখানা অথবা বাঁধাইখানা- যেখানেই পাওয়া যাবে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

এই সমস্ত অবৈধ বই মজুদ, ক্রয়-বিক্রয় হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে। একই সাথে ঐ সমস্ত অবৈধ বই ক্রয়-বিক্রয়ের সাথে জড়িত ব্যক্তি/প্রতিষ্ঠান সম্পর্কে নিকটস্থ থানায় এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডকে জানাবার জন্য সংশ্লিষ্ট মুদ্রাকর, বাঁধাইকারক ও পরিবেশকসহ সকল স্তরের জনগণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

বোর্ড প্রকাশিত বৈধ বই চিহ্নিত করার উপায়

১. পুরাতন কভার পরিবর্তন করে নতুন ডিজাইনে কভার প্রস্তুত করা হয়েছে যার সম্মুখ ভাগের বাম পার্শ্বে "বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড"-এর মনোগ্রাম এবং পেছনে ২০০৫ শিক্ষাবর্ষের জন্য সংশোধিত ও পরিমার্জিত কথাটি উল্লেখ থাকবে।

২. সকল পাঠ্যপুস্তকের জুরি ৩ ফর্মার পর ৪(চার) পৃষ্ঠা "বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের মনোগ্রামের জলছাপ সম্বলিত" গ্রীন রং-এর রঙিন নিরাপত্তা কাগজে মুদ্রিত থাকবে। বইয়ের বাকী অংশ নিউজপ্রিন্ট কাগজে মুদ্রিত থাকবে।

৩. সকল বই-এর পিছনের কভারে একটি নির্দিষ্ট ক্রমিক নম্বর দেওয়া থাকবে।

বাতিল ঘোষিত পাঠ্যবই ক্রয়-বিক্রয়কারী ব্যক্তি বা প্রতিষ্ঠান দেশ ও জাতির শত্রু। বৈধ বই দেখে কিনুন। নকল বই কিনে প্রতারিত হবেন না।

সংশ্লিষ্ট সকলকে উল্লেখিত বিষয় যাচাই করে পাঠ্যপুস্তক ক্রয়-বিক্রয় করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ইতিমধ্যে বাতিলকৃত পাঠ্যপুস্তক ব্যবহার হতে বিরত থাকার জন্য সকল মাদরাসা কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করা হয়েছে। এই নির্দেশ কঠোরভাবে অনুসরণের জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৮৬২৬১৩৮

পি-৩৬১/০৫ (১০´x৩)
P-39021